

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মেহমান নেওয়াযীর আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মেযবানের কৃতজ্ঞতা প্রকাশ

পানাহারের পর মেহমানের উচিত, মেযবানের কৃতজ্ঞতা প্রকাশ করা এবং তার জন্য দু'আ করা। যেমনঃ ক)

উচ্চারণঃ আল্লা-হুম্মা বা-রিক লাহুম ফীমা রাযাকতাহুম অগফির লাহুম অরহামহুম।

অর্থঃ হে আল্লাহ! ওদের তুমি যা দান করেছ তাতে ওদের জন্য বরকত দান কর। ওদেরকে ক্ষমা করে দাও এবং ওদের প্রতি রহম কর।[1]

খ)

উচ্চারণ- আকালা ত্বাআ-মাকুমুল আবরা-র, অস্বাল্লাত আলাইকুমুল মালা-ইকাহ, অ আফত্বারা ইনদাকুমুস্থ স্থা-য়িমূন। অর্থঃ সজ্জনরা আপনাদের খাবার খাক, ফিরিশ্ভাবর্গ আপনাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন এবং আপনাদের নিকট রোযাদাররা ইফতার করুক।[2] অপরের নিকট পান করার পর দু'আ ঃ

উচ্চারণঃ আল্লা-হুম্মা আত্বইম মান আত্বআমানী অসক্কি মান সাক্বা-নী।

অর্থঃ হে আল্লাহ! তাকে তুমি খাওয়াও যে আমাকে খাওয়াল এবং তাকে পান করাও যে আমাকে পান করাল।[3] কুটুম বা মেযবানের নিকট রোযা ইফতার করলে বলতে হয়ঃ

উচ্চারণ- আফত্বারা ইনদাকুমুস্থ স্থা-য়িমূন, অ আকালা ত্বাআ-মাকুমুল আবরা-র, অস্বাল্লাত আলাইকুমুল মালা-ইকাহ। অর্থঃ আপনাদের নিকট রোযাদাররা ইফতার করুক, সজ্জনরা আপনাদের খাবার খাক এবং ফিরিশ্তাবর্গ আপনাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন।[4]

ফুটনোট

[1]. আহমাদ ১৭২২০, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৪২, আবূ দাউদ ৩৭২৯, তিরমিয়ী হা/৩৫৭৬, দারেমী ২০২২



- [2]. মুঃ আহমাদ ৩/১৩৮, বাইহাকী ৭/২৮৭
- [3]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ২৩৩০০, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৫৫, তিরমিয়ী হা/২৭১৯
- [4]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ১১৭৬৭, আবু দাউদ ৩৮৫৪, দারেমী আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ১৭৭২

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8035

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন